মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ ৩৪৬/২,ঢোলাদিয়া রোড,কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

নং- এসএসসি রেজিঃ/২০২৪/১২৯৪ তারিখঃ ০৩/০৯/২০২৫ খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় ঃ অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ২০২৪ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত (২০২৬ সালে এস.এস.সি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা প্রসঙ্গে।

** শুধুমাত্র কেন্দ্র সচিবগণ সংশ্লিষ্ট কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করবেন।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত (২০২৬ সালে এস.এস.সি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড নিম্নবর্ণিত তারিখে বিতরণ করা হবে।

** বিতরণের স্থান ও সময় ঃ সকালঃ ১০ টায় শুরু; অত্র বোর্ডের ১ নং ভবনের (নিচ তলায়) কাঠগোলা বাজার,ময়মনসিংহ।

| তারিখ | বার | জেলার নাম |
|---|---|---|
| ০৭/০৯/২০২৫ | রবিবার | ময়মনসিংহ |
| ০৮/০৯/২০২৫ | সোমবার | জামালপুর, শেরপুর |
| ০৯/০৯/২০২৫ | মঙ্গলবার | নেত্রকোণা |

১। আবেদন পত্রের সাথে স্বীকৃতি নবায়ন, কমিটি, বিজ্ঞান শাখা, ব্যবসায় শিক্ষা শাখা, কৃষি, গার্হস্থ্য বিজ্ঞান, হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের অনুমতি পত্র আনতে হবে।

২। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার পূর্বে শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০১.২৪.২১৫; তারিখঃ ১৬/১০/২০২৪ খ্রি. মোতাবেক কেন্দ্রসচিবগণ তাদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের নিকট থেকে স্কাউট ফি সংগ্রহ করবেন এবং অত্র বোর্ড অফিসের (১ নম্বর) ভবনের নিচ তলায় শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ৪০০/-(চারশত) টাকা হারে ২০২৫ সালের স্কাউট ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

৩। কেন্দ্র সচিবগণ রেজিস্ট্রেশন কার্ড গ্রহনের ৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের ব্যবস্থা করবেন। প্রতিষ্ঠান প্রধানকে রেজিস্ট্রেশন কার্ডে মুদ্রণজনিত কোন ধরনের ভুল থাকলে ০৭ দিনের মধ্যে সংশোধনের জন্য বোর্ডে আবেদন করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশোধন করা না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

৪। রেজিস্ট্রেশনকৃত কোন শিক্ষার্থীর বিষয়/বিভাগ/ছবি সংশোধনের প্রয়োজন হলে নিম্নোক্ত প্রক্রিয়ায় কার্যক্রম সম্পন্ন করে বোর্ড নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে বিতরণকৃত রেজিস্ট্রেশন কার্ড ও সোনালী সেবার রশিদ সঙ্গে নিয়ে বোর্ডে বিদ্যালয় শাখায় জমা দিয়ে সংশোধিত নতুন রেজিস্ট্রেশন কার্ড নিতে হবে।

বিষয়/বিভাগ/ছবি সংশোধনের অনলাইন প্রক্রিয়াঃ www.mymensingheducationboard> Our services> Institute panel> Registration> Ten 2024-25> Correction> Submit> Payment.

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
03.09.2025
( প্রফেসর ড.মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
তারিখ: ০৩/০৯/২০২৫ খ্রিঃ

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ১২৯৪ (৭)
অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো
১.সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২.পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩.উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪.উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫.পি এস-টু চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬.সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।(পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধ সহ)
৭.অফিস কপি।

০৩/০৯/২০২৫
(সাখাওয়াত হোসেন)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।